সংবাদ

তারিখ 25 JUL 2017
পৃষ্ঠা 8 কলাম 7

# বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ইভিনিং লেকচার চালু

নিজস্ব বার্তা পরিবেশক

বিশেষজ্ঞ চিকিৎসকদের আরও বেশি সময় ক্যাম্পাসে উপস্থিত নিশ্চিত করতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ইভিনিং লেকচার চালু করা হয়েছে। সেই সঙ্গে জোরদার করা হয়েছে সান্ধ্যকালীন রাউন্ড।

গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের সঙ্গে তার কার্যালয়ে গ্যাস্ট্রো এন্টারোলজি বিভাগের শিক্ষক, চিকিৎসকরা সাক্ষাৎ করতে এলে উপাচার্য এসব কথা বলেন।

উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, ইভিনিং লেকচারের একটি পরোক্ষ প্রভাব রোগীদের সেবায় ইতিবাচক প্রভাব ফেলছে। একজন বিশেষজ্ঞ চিকিৎসক ইভিনিং লেকচার শেষে তার ভর্তিকৃত রোগীদের সর্বশেষ খোঁজ-খবর নিয়ে যান। আর এভাবেই চিকিৎসা শিক্ষার পাশাপাশি পরোক্ষভাবে ইভিনিং লেকচার রোগীদের সেবায়ও ইতিবাচক ভূমিকা রাখছে। একই সাথে রোগীদের সেবা কার্যক্রম আরও উন্নত করতে বিশেষ করে দায়িত্বরত চিকিৎসকদের সার্বক্ষণিক উপস্থিত নিশ্চিত করা ও নিবিড় নার্সিং সেবা কার্যক্রম প্রত্যক্ষ করার লক্ষ্যে সান্ধ্যকালীন রাউন্ড জোরদার করা হয়েছে। উপ-উপাচার্যরা, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, প্রক্টর ও পরিচালক (হাসপাতাল) পর্যায়ক্রমে এ দায়িত্ব পালন করছেন। আমি নিজেও সান্ধ্যকালীন রাউন্ডে প্রায়ই অংশ নিচ্ছি। এসব কার্যক্রমের লক্ষ্য হলো উচ্চ চিকিৎসা শিক্ষা কার্যক্রম এগিয়ে নেয়ার পাশাপাশি রোগীদের উন্নত সেবা নিশ্চিত করা।

সভায় গ্যাস্ট্রোএন্টারোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. প্রজেশ কুমার রায়, অধ্যাপক ডা. এএস এমএ রায়হান, অধ্যাপক ডা. মো. আব্দুর রহিম মিয়া, অধ্যাপক ডা. মো. হাসান মাসুদ, অধ্যাপক ডা. এসএম ইসহাক, সহযোগী অধ্যাপক ডা. মো. মাসুদুর রহমান খান, সহযোগী অধ্যাপক ডা. চঞ্চল কুমার ঘোষ, সহযোগী অধ্যাপক ডা. রাজীবুল আলম, সহকারী অধ্যাপক ডা. মোহাম্মদ সোয়েব চৌধুরী, সহকারী অধ্যাপক ডা. জাহিদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর